৫০১১৯


# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।


বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

এফই সার্কুলার লেটার নং- ৪৩

তারিখঃ নভেম্বর ২৮, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও MFS প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**অবৈধ মানিচেঞ্জার/এক্সচেঞ্জ কার্যক্রম বন্ধকরণ প্রসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অবৈধ মানিচেঞ্জার/এক্সচেঞ্জ কার্যক্রম পরিচালনাকারী তাদের ওয়েবসাইটের মাধ্যমে বাংলাদেশে কার্যরত কোন কোন তফসিলি ব্যাংকের একাউন্ট ও MFS এর একাউন্ট ব্যবহার করে বৈদেশিক মুদ্রার ক্রয়-বিক্রয় কার্যক্রম পরিচালনা করছে। একই ভাবে তফসিলি ব্যাংকের একাউন্ট ও MFS এর একাউন্ট ব্যবহার করে অবৈধ মানিচেঞ্জার/এক্সচেঞ্জ কার্যক্রম পরিচালনাকারী তাদের ওয়েবসাইটে ভার্চুয়াল বা ক্রিপ্টো এ্যাসেট/কারেন্সি ইত্যাদির ক্রয়-বিক্রয়/বিনিময়/হস্তান্তর/ট্রেডিং কার্যক্রম পরিচালনা করছে। ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন এ্যাক্ট, ১৯৪৭ এর ৩ নং ধারা অনুসারে বাংলাদেশ ব্যাংকের লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে মানিচেঞ্জার/এক্সচেঞ্জ কার্যক্রম পরিচালনা করা অবৈধ এবং উক্ত আইনের ২৩(১) নং ধারা অনুসারে শাস্তিযোগ্য অপরাধ। এছাড়া, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং-২৪ এর মাধ্যমে ভার্চুয়াল সম্পদ (Virtual asset) ও ভার্চুয়াল মুদ্রা (Virtual currency) লেনদেন ও তাদের Exchange/Transfer/Trading সংশ্লিষ্ট ব্যবসা এবং এ সংক্রান্ত যে কোন ধরনের কার্যক্রমে সহায়তা প্রদান হতে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এক্ষণে, অবৈধ মানিচেঞ্জার/এক্সচেঞ্জ কার্যক্রমের কারণে সম্ভাব্য আর্থিক ক্ষতি ও আইনগত ঝুঁকি পরিহারের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) তফসিলি ব্যাংকের একাউন্ট ও MFS এর একাউন্ট ব্যবহার করে কোন ধরণের অবৈধ মানিচেঞ্জার/এক্সচেঞ্জ কার্যক্রম পরিচালনা অথবা এরূপ কার্যে যে কোন ধরনের সহায়তা প্রদান অবিলম্বে বন্ধের পাশাপাশি এ বিষয়ে যথাযথ সতর্কতা অবলম্বনপূর্বক মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে;

খ) এই সার্কুলার পত্রের নির্দেশনাসূত্রে অবৈধ মানিচেঞ্জার/এক্সচেঞ্জ কার্যক্রম পরিচালনাকারীদের সাথে লেনদেন হতে বিরত থাকতে **ফ্রিল্যান্সারসহ** জনসাধারণের অবগতির লক্ষ্যে সতর্কীকরণ নোটিশ ব্যাংকের প্রধান কার্যালয়, সকল শাখা, উপশাখা ও এজেন্ট ব্যাংকিং আউটলেটসমূহের নোটিশ বোর্ডে ও দর্শনীয় স্থানে প্রদর্শন এবং MFS এর প্রধান কার্যালয় ও সকল এজেন্ট পয়েন্টে প্রদর্শনের পাশাপাশি ব্যাংক ও MFS এর ওয়েবসাইটের হোম পেইজে প্রকাশ নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন- ৯৫৩০১২৩